সংবাদ

তারিখ ...25 MAR 2017...
পৃষ্ঠা ...৩...১৬... কলাম...২... ......

কেন্দ্র সচিবদের অভিযোগ

# এমপিও বাতিল হওয়ার আতঙ্কে শিক্ষার্থীদের সহায়তা করেন শিক্ষকরা

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

পাসের হার কম হলে শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হয়ে যাবে। এমন আতঙ্ক ছড়িয়ে পড়েছে মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে। ফলে পাবলিক পরীক্ষায় শিক্ষকরা পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনে সহায়তা করেন। গ্রামাঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ প্রবণতা সবচেয়ে বেশি। আসন্ন এইচএসসি পরীক্ষা আতঙ্কে : পৃষ্ঠা : ২ ক : ৪

## আতঙ্কে : শিক্ষার্থীরা

(১৬ পৃষ্ঠার পর)

উপলক্ষে বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে কেন্দ্র সচিবরা এই অভিযোগ করেছেন। সভায় অংশ নেয়া একাধিক কেন্দ্র সচিব এ তথ্য জানিয়েছেন। ওই মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক।

বরিশাল নগরীর ইসলামিয়া কলেজের অধ্যক্ষ ও কেন্দ্র সচিব মহসিন উল ইসলাম হাবুল জানান, কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি কম হলে বোর্ড থেকে শোকজ করা হয়। আবার পাবলিক পরীক্ষায় পাসের হার কম হলেও শোকজ এবং এমপিও বন্ধের হুমকি দেয় বোর্ড কর্তৃপক্ষ। তাই পাসের হার বেশি দেখানোর জন্য গ্রামাঞ্চলের শিক্ষকরা পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনে সহায়তা করে। অধ্যক্ষ হাবুল বলেন, গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতি বোর্ড কর্তৃপক্ষের যতটা কঠোর মনোভাব ঠিক তার বিপরীত মনোভাব দেখানো হয় শহরের নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে। বোর্ড কর্তৃপক্ষের এ বৈষম্যমূলক মনোভাব পরিহারের আহ্বান জানান অধ্যক্ষ হাবুল। পটুয়াখালীর এ করিম মৃধা কলেজের অধ্যক্ষ দেলোয়ার হোসেন ও মেহেন্দিগঞ্জ উলানিয়া কলেজের অধ্যক্ষ বিপুল বিহারি হালদার জানান, পাবলিক পরীক্ষা নকলমুক্ত করতে হলে শিক্ষা প্রতিষ্ঠানকে শোকজ আতঙ্ক থেকে মুক্ত করার ব্যবস্থা বোর্ড কর্তৃপক্ষকে নিতে হবে।

বোর্ডের সচিব বিপ্লব ভট্টাচার্য জানান, এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণ করার জন্য মতবিনিময় সভায় কেন্দ্র সচিবদের মতামত নেয়া হয়েছে। শিক্ষকদের দেয়া অভিযোগগুলো সমাধানের আশ্বাস দিয়েছেন বোর্ড চেয়ারম্যান। তবে পাসের হার কম হলে শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হবে, শিক্ষকদের এমন ভ্রান্ত ধারণা ঠিক নয়।